গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

স্মারক নং-ডিএমআরটিডিপি/প্রশা:/ক:নি:/২৮(পার্ট-১)/২০১৩- ৮৯ তারিখ: ১৪/০১/২০১৮

# নিয়োগ বিজ্ঞপ্তি

২০১২-২০২৪ মেয়াদে বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট [ম্যাস র‍্যাপিড ট্রানজিট (এমআরটি) লাইন ৬]-এর নিম্নলিখিত শূন্য পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত সাকুল্য বেতনে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম ও সাকুল্য বেতন | পদ সংখ্যা | সর্বোচ্চ বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী প্রকৌশলী (সিভিল)<br>গ্রেড-৯<br>সর্বসাকুল্যে বেতন-৩৫,৬০০/- টাকা | ৮ (আট) টি | (১) সাধারণ প্রার্থীদের ০১-০১-২০১৮ তারিখে ৩০ বছর<br>(২) মুক্তিযোদ্ধা কোটায় প্রার্থীদের ক্ষেত্রে একই তারিখে ৩২ বছর<br>(৩) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে একই তারিখে ৩২ বছর | সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনতম স্নাতক ডিগ্রি |
| ০২ | সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)<br>গ্রেড-৯<br>সর্বসাকুল্যে বেতন-৩৫,৬০০/- টাকা | ০৬ (ছয়) টি | ঐ | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনতম স্নাতক ডিগ্রি |
| ০৩ | সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)<br>গ্রেড-৯<br>সর্বসাকুল্যে বেতন-৩৫,৬০০/- টাকা | ০৬ (ছয়) টি | ঐ | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনতম স্নাতক ডিগ্রি |
| ০৪ | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)<br>গ্রেড-১০<br>সর্বসাকুল্যে বেতন- ২৭,১০০/- টাকা | ১০ (দশ) টি | ঐ | সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনতম ডিপ্লোমা |
| ০৫ | উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)<br>গ্রেড-১০<br>সর্বসাকুল্যে বেতন- ২৭,১০০/- টাকা | ০৬ (ছয়) টি | ঐ | ইলেকট্রিক্যাল ইঞ্জিয়ারিং-এ ন্যূনতম ডিপ্লোমা |
| ০৬ | উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)<br>গ্রেড-১০<br>সর্বসাকুল্যে বেতন- ২৭,১০০/- টাকা | ০৬ (ছয়) টি | ঐ | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনতম ডিপ্লোমা |
| ০৭ | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১২<br>সর্বসাকুল্যে বেতন- ২০,০৮০/- টাকা | ০৫ (পাঁচ) টি [সাধারণ কোটায় ০১টি এবং মুক্তিযোদ্ধা কোটায় ০৪ টি] | ঐ | (১) স্নাতক ডিগ্রি<br>(২) সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে কমপক্ষে ৬ মাসের মৌলিক প্রশিক্ষণ<br>(৩) সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা |

শর্তসমূহঃ

১। শুধুমাত্র প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ করা হবে। তবে performance-এর ভিত্তিতে Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এ নিয়োগে অগ্রাধিকার পাবে।

২। সকল প্রার্থীকে সরকার নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা জনপ্রশাসন মন্ত্রণালয়ের website: www.mopa.gov.bd, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের website: www.rthd.gov.bd এবং Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর website: www.dmtc.org.bd হতে সংগ্রহ করা যাবে।

৩। আবেদনপত্রের সাথে আবেদনকারীকে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রাদি ও ছবি দাখিল করতে হবে:

(ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি;

(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি;

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ালিপি;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত সকল প্রশিক্ষণ ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সনদপত্রের ছায়ালিপি;

(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি;

(চ) প্রার্থীর নিজ এলাকার স্থানীয় পরিষদ প্রধান [যেমন:সিটি কর্পোরেশনের মেয়র বা কাউন্সিলর, পৌরসভার মেয়র বা কমিশনার অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান] কর্তৃক প্রদত্ত স্থায়ী ঠিকানার সনদপত্রের মূল কপি; এবং

(ছ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদেরকে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত প্রদত্ত শারীরিক প্রতিবন্ধী সনদপত্রের ছায়ালিপি।

৪। সকল পদের জন্য পরীক্ষার ফি বাবদ 'প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট' এর অনুকূলে ৩০০ (তিনশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (জনতা/সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে)-এর মূল কপি (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৫। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লেখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স গণনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৬। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারী নিয়ম যথাযথভাবে অনুসরণ করা হবে। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসাবে চাকুরী প্রার্থীকে চাকুরী আবেদনের সাথে যথাক্রমে তাঁর পিতা-মাতা অথবা দাদা-দাদী অথবা নানা-নানী (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত করে ছায়ালিপি দাখিল করতে হবে। আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সংশ্লিষ্ট স্থানীয় পরিষদ প্রধান হতে উত্তরাধীকার সনদ সংগ্রহ করে উহার মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

৭। নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি-বিধান ও সকল কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

৮। খামের উপর বাম দিকে পদের নাম, নিজ জেলার নাম ও কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।

৯। সরকারী/স্বায়ত্তশাসিত/প্রকল্পে নিয়োজিত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০। আবেদনপত্র বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত এবং মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় ডাকা হবে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনপ্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। লিখিত পরীক্ষার সময় প্রয়োজনীয় প্রস্তুতিসহ কলম/পেন্সিল/অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম আনতে হবে।

১২। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৩। আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ ইচ্ছা করলে পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।

১৪। যে কোন বা সকল দরখাস্ত বা নিয়োগ কার্যক্রম বাতিল করার ক্ষমতা প্রকল্প কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৫। প্রকল্প কর্তৃপক্ষ, সরকারী বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমন কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। প্রকল্প কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৬। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭। ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট এর গত ০৪-০২-২০১৬ তারিখের ডিএমআরটিডিপি/প্রশাঃ/কঃনিঃ/২৮/২০১৩-৪৪ সংখ্যক স্মারক অনুসরণে যে সকল প্রার্থী গ্রেড-৯ (সর্বসাকুল্য) এর জুনিয়র ম্যানেজার/এ্যাসিসট্যান্ট ম্যানেজার (সিভিল) এবং জুনিয়র ম্যানেজার/এ্যাসিসট্যান্ট ম্যানেজার (মেকানিক্যাল) পদে আবেদন করেছিলেন তাঁদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। একইভাবে প্রকল্পের গত ০৬-০৬-২০১৬ তারিখের ডিএমআরটিডিপি/প্রশাঃ/কঃনিঃ/২৮(পার্ট-১)/২০১৩-২১৮ সংখ্যক স্মারক অনুসরণে যে সকল প্রার্থী গ্রেড-৯ (সর্বসাকুল্য) এর এ্যাসিসট্যান্ট ম্যানেজার (ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিকস) পদে আবেদন করেছিলেন তাঁদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। উল্লেখ্য যে, এ পদত্রয়ের পদনাম পরিবর্তিত হয়ে বর্তমানে যথাক্রমে সহকারী প্রকৌশলী (সিভিল), সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) এবং সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) হয়েছে।

১৮। (ক) আবেদনপত্র আগামী ২৮.০২.২০১৮ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে কেবলমাত্র ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে **'প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০'** এর বরাবরে পৌছাতে হবে।

(খ) হাতে হাতে কোন দরখাস্ত দাখিল করা যাবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

(গ) প্রার্থীকে নিজ বর্তমান ঠিকানা স্পষ্টভাবে ৯" × ৪" আকারের খামের উপরে লিখে বা টাইপ করে উহাতে ১০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট লাগিয়ে আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

১৪/০২/১৮

মোঃ আফতাব উদ্দিন তালুকদার
প্রকল্প পরিচালক